চুয়াডাঙ্গায় মাঘের শীতে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি, বিপর্যস্ত জনজীবন

চুয়াডাঙ্গায় হাড়কাঁপানো শীতের মধ্যেই টানা দুই ঘণ্টা গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হয়েছে। সঙ্গে হিমেল হাওয়ায় শীতের তীব্রতা আরও বেশি অনুভূত হচ্ছে। এতে কৃষকসহ দিনমজুররা পড়েছেন চরম বিপাকে।

চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার সূত্রে জানা গেছে, আজ বৃহস্পতিবার ভোর পৌনে ৬টা থেকে সকাল ৮টা ১০ মিনিট পর্যন্ত জেলায় ১৯ দশমিক ৪ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। সকাল ৯টায় জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস ও দুপুর ১২টায় রেকর্ড করা হয়েছে ১৮ ডিগ্রি সেলসিয়াল তাপমাত্রা। এর আগে বুধবার সকাল ৯টায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে চুয়াডাঙ্গায় কয়েক দিন মৃদু শৈত্যপ্রবাহের কারণে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বৃহস্পতিবার জেলার সব মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। তবে প্রাথমিক বিদ্যালয়গুলো যথারীতি কার্যক্রম চলতে দেখা গেছে।

চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার মো. আতাউর রহমান বলেন, বুধবার আলোচনা করে বৃহস্পতিবার জেলার সকল মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের সঙ্গে কথা বলে সম্ভাব্য জেলার পূর্বাভাস জেনে আলোচনা সাপেক্ষে সামনে সপ্তাহে সিদ্ধান্ত নেওয়া হবে।
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান জানান, বৃহস্পতিবার জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াল। তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে হলে স্কুল বন্ধের নির্দেশনার জন্য বলা হয়েছে। সেই অনুযায়ী জেলার সব প্রাথমিক বিদ্যালয়গুলো খোলা রয়েছে। আমি জেলার বিভিন্ন স্কুল পরিদর্শন করেছি। ৬০-৭০ শতাংশ শিক্ষার্থীরা বিদ্যালয়ে এসেছে।

দর্শনায় গাঁজা সহ নাস্তিপুরের আকাশ গ্রেফতার

দর্শনায় গাঁজাসহ নাস্তিপুরের আমিনুল হক ওরফে আকাশ নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ বুধবার সন্ধা পৌনে ৭টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই সোহেল রানা সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন নাস্তিপুর গ্রামে।

এসময় গ্রামের পশ্চিমপাড়ার মানিক হোসেনের পূর্ব দুয়ারী পাকা বাড়ির গেট সংলগ্ন গলির রাস্তার উপর হতে আমিনুল হক ওরফে আকাশ (২০) নামের এক মাদক ব্যবসায়ীকে ৫ শত গ্রাম গাঁজাসহ গ্রেফতার করেন। ফলে পুলিশের অভিযান টেরপেয়ে পালিয়েছে মানিক হোসেনের স্ত্রী দেলোয়ারা খাতুন ওরফে পাখি (৪৫)।

গ্রেফতারকৃত আমিনুল হক ওরফে আকাশ দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের বাসিন্দা ও ইসরাফিল হোসেনের ছেলে।

এ ঘটনায় পুলিশ গ্রেফতারকৃত ও পলাতক আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করেছে।

দর্শনার বাড়াদী বিলের জোরপূর্বক মাছ ধরে নিয়েছে

আকরাম ও তার দলবল

লিজের টাকা তো দিলোই না। অপরদিকে মেয়াদ শেষ হওয়ার পর আমার ছাড়া দেশী মাছগুলো জোর পূর্বক ধরে নিয়ে গেলো।

কান্না জড়িত কন্ঠে কথাগুলো বলেছে ছয়ঘরিয়া গ্রামের মৃত আলমগীর আল্লামা ইকবাল এর ছেলে আবু খালিদ মোঃ শমসের আলী। গত বাংলা-১৪৩১ সালের শ্রাবন মাসে আবু খালিদ মোঃ শমসের আলী বাড়াদী বীলে ৬৩৭ দাগে ৪ বিঘা জলকারের ৩ লাখ ৬ হাজার টাকায় জোর পূর্বক লিজ নেই বারাদি গ্রামের মাঝ পাড়ার মৃত মোজ্জাফর আলীর ছেলে আকরাম হোসেন (৬০)।

গত ৩০ শে-১৪৩১ পৌষ এ জোরপূর্বক লিজের মেয়াদ শেষ হওয়ার আগেই ভেড়ী বাধেঁর মাছ ধরে নেয়। এরপরও গতকাল আবু শমসের এর জলকারে বিশ প্রয়োগ করে শ্যালো মেশিন দিয়ে পানি নিস্কাশন করে প্রায় ২ লাখ টাকা মুল্যের দেশী মাছ জোরপূর্বক ধরে নেয়। এমনকি এলাকার মানুষ লেলিয়ে দিয়ে সমস্ত মাছ ধরে নেয়। জোরপূর্বক লিজের ২লাখ ৫০ হাজার ৬শত টাকা দেয়নি। বরং দেশী মাছগুলোও ধরে নিয়ে গেছে বাড়াদী গ্রামের মৃত মোজ্জাফর আলীর ঝেলে আকরাম হোসেন (৬০) ও একই গ্রামের মোতালেব আলীর ছেলে ইলিয়াস হোসেন (৪৫)। বড়বলদিয়া গ্রামের ন্যাড়া মিয়ার ছেলে মামুন (৪২) ও সাড়াবাড়িয়া গ্রামের নাজমুল ইসলাম। এমনি অভিযোগ করেছে আবু খালিদ মোঃ শমসের।

এ বিষয় আবু খালিদ মোঃ শমসের আরো বলেন, এছাড়া আমার জমির সমস্ত কাগজপত্র থাকা স্বত্তেও কিছু প্রভাশালী রাজনৈতিক প্রভাব খাটিয়ে এভাবে আমার জলকার ও জমিতে ধান চাষ করে আসছে। তিনি আরো বলেন, থানায় অভিযোগ করেও ফলাফল পাইনি।

এ বিষয় আকরাম হোসেন বলেন, আমরা জমি লিজ বাবদ ৫০ হাজার টাকা দিয়েছি এবং দেড় মন খাওয়ার মাছ দিয়েছি। আমরা নিয়ম মাফিক লিজ নিয়েছি এবং লিজের চুক্তিনামায় গ্রামের ৩শত জনের স্বাক্ষর আছে।

এ ক্ষেত্রে আবু খালিদ মোঃ শমসের বলেন, আমাকে শুধুমাত্র ৩০ কেজি তেলাপিয়া মাছ আর ৫০ হাজার টাকা দেয়। এছাড়া আর কিছুই পায়নি। বাকি টাকা তো দেয়নি এবং আমাকে প্রান নাশের হুমকি দিচ্ছে। আমি এর সুষ্ঠু বিচার দাবি করছি প্রশাসনের কাছে।

চুয়াডাঙ্গায় বৃষ্টির মতো ঝরছে ঘনকুয়াশা

একদিনের ব্যবধানে চুয়াডাঙ্গায় তাপমাত্রা কমেছে প্রায় তিন ডিগ্রি সেলসিয়াস। একই সাথে তাপমাত্রার পারদ নেমে এসেছে মৃদু শৈতপ্রবাহের কোটায়। আজ বুধবার সকাল ৯টায় জেলার তাপমাত্রা রেকর্ড করা হয় ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। যা আগের দিন ছিলো ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

সারাদিন সূর্যের দেখা মেলেনি। বৃষ্টির মতো ফোঁটা ফোঁটা পড়ছে ঘনকুয়াশা। সাথে যোগ হয়েছে উত্তরের হিমেল হাওয়া। এতে তীব্র শীতের অনুভূতি স্বাভাবিক জীবন বাধাগ্রস্ত করছে।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রকিবুল হাসান জানান, চুয়াডাঙ্গার ওপর দিয়ে বয়ে যাচ্ছে মৃদু শৈত্যপ্রবাহ। বুধবার সকাল ৯টায় জেলার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং বাতাসে আর্দ্রতা ছিল ৯৭ শতাংশ। তিনি বলেন, বৃহস্পতিবার জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে তাপমাত্রা কিছুটা বাড়তে পারে।
জেলার ছিন্নমূল মানুষদের দাবি, তীব্র শীতে তাদের শীতবস্ত্রের প্রয়োজন। সরকারিভাবে যে কম্বল বিতরণ করা হচ্ছে তা চাহিদার তুলনায় কম। সরকারি বরাদ্দ বৃদ্ধি করা দরকার।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা জানান, ‘ইতিমধ্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের অনুক‚লে দুই ধাপে ২৪ হাজার ৩০০টি সরকারি কম্বলের বরাদ্দ পাওয়া গেছে। যেগুলো স্ব স্ব উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে বিতরণ অব্যাহত আছে।

দামুড়হুদায় ইয়াবাসহ এক যুবক গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ৩০২ পিচ ইয়াবা ট্যাবলেটসহ বায়েজিদ আহম্মেদকে (৩২)গ্রেফতার করেছে।সে দামুড়হুদা উপজেলার কলাবাড়ি রামনগর গ্রামের মৃত্য আবুল কালামের ছেলে।

জানাযায় বুধবার (১৭জানয়ারি) সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা জেলার মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান এর নেতৃত্বে অভিযান চালায় কলাবাড়ী রামনগর সেন্টার মোড়পাড়া গ্রামের আসামির নিজ বসতঘরে।এ সময় জেলার মাদকদ্রব্য বিভাগীয় জেলার সমন্বয়ে বাড়ি তল্লাশী করে ৩০২ পিচ ইয়াবাসহ তাকে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা জেলার মাদকদ্রব্য অধিদপ্তরের উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন মামলার বাদী হয়ে উক্ত আসামির বিরুদ্ধে দামুড়হুদা থানায় একটি নিয়মিত মামলা দায়ের করে।আজ তাকে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

জীবননগরে অতিরিক্ত ঠান্ডায়’ রেললাইনে ফাটল, ৫ঘন্টা পর মেরামত

চুয়াডাঙ্গা জীবননগর উথলী রেললাইনে অতিরিক্ত ঠান্ডায় ফাটল দেখা দিয়েছে। এতে করে ট্রেন চলাচলে সাময়িক ধীরগতি দীর্ঘ ৫ঘন্টা পর মেরামত ।

আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে উথলী-দর্শনা রেললাইনের তেঁতুলতলা- ঘোড়ামারা রেলগেটের মাঝামাঝি স্থানে এ ঘটনা ঘটে। এদিকে দীর্ঘ ৫ ঘন্টা চেষ্টার ফলে রেললাইন মেরামতের কাজ সম্পন্ন করছে কর্তৃপক্ষ।

স্থানীয় সুত্রে জানা গেছে, ঢাকাগামী চিত্রা এক্সপ্রেস উথলী রেলস্টেশন অতিক্রম করার পর উথলী-দর্শনা রেলপথের উথলী তেঁতুলতলা- ঘোড়ামারা রেলগেটের মাঝামাঝি স্থানে রেললাইনে ফাটল দেখতে পান স্থানীয় এক ব্যক্তি। বিষয়টি রেলপথের নিরাপত্তার দায়িত্বে থাকা আনসার সদস্যদের জানান তিনি। পরে আনসার সদস্যরা রেললাইনের ওপর লাল পতাকা টানিয়ে দর্শনা অভিমুখী একটি মালগাড়ি খুলনা অভিমুখী ১৬ ডাউন মহানন্দ মেইল এবং পার্বতীপুর অভিমুখী ২৩ আপ রকেট মেইলকে ধীরগতিতে ঘটনাস্থল অতিক্রম করান।

উথলী রেলস্টেশনের স্টেশন মাস্টার আবু সাঈদ জানান, খবর পেয়ে রেললাইন মেরামতের কাজ শেষ করেছি। অতিরিক্ত ঠান্ডার কারণে এমন ঘটনা ঘটতে পারে। তবে ট্রেন চলাচল স্বাভাবিক আছে।

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

আলমডাঙ্গা বণিক সমিতির উদ্যোগে শীতার্তদের মাঝে শীত কম্বল বিতরণ করা হয়েছে।

আজ সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা বণিক সমিতির কার্যালয়ে শীত কম্বল বিতরণ অনুষ্টানে উপস্থিত ছিলেন বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন,বণিক সমিতির সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন,সহ-সভাপতি হাফিজুর রহমান, হাজী রফিকুল আলম, সহ-সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম , জাহাঙ্গীর আলম, কোষাধ্যক্ষ আলাউদ্দিন মিয়া, সাংগাঠনিক সম্পাদক আমিরুল ইসলাম লিটন, ক্রীড়া সম্পাদক হাবিবুর রহমান, ধর্মীয় সম্পাদক রেজাউল করিম কাবিল, দপ্তর সম্পাদক শফিউল হাসান মিলন, এছাড়া নির্বাহী সদস্য পদে খন্দকার হামিদুল ইসলাম আজম, আঃ ওহাব কাবলু, জসিম উদ্দিন, জয়নাল আবেদীন, ফারুক হোসেন, রেজাউল হক তোতা, রতন আলী, সাইদুল ইসলাম, খন্দঃ সজিব, সিরাজুল ইসলাম,বণিক সমিতির স্টাফ বজলুর রহমান।

পরে শীতার্থ মানুষের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়। মোট ৪৫০ জনকে শীত বস্ত্র তুলে দেওয়া হয।

এ সময় সভাপতি আরেফিন মিয়া বলেন, আলমডাঙ্গা বণিক সমিতি জন্মলগ্ন থেকে একটি ব্যবসায়ি সংগঠন,আলমডাঙ্গার ব্যাবসায়িদের সবচাইতে বড় সংগঠন হিসেবে পরিচিত এই সংগঠনের মাধ্যমে আমরা প্রতি বছর শীতার্ত মানুষদের মাঝে শীত বস্ত্র বিতরণ করে থাকি।

এছর চুয়াডাঙ্গা জেলায় সর্বনিম্ম তাপ মাত্রা চলছে। গরীব দুস্থ মানুষ শীতে কষ্ট পাচ্ছে।আমরা বণিক সমিতির মাধ্যমে যতটুকু সম্ভব দিয়ে যাচ্ছি।

তিনি আরো বলেন সমাজের বিত্তবানরা এগিয়ে এসে প্রচন্ড শীতে যারা কষ্ট পাচ্ছেন তাদের পাশে দাঁড়ান। বণিক সমিতির ফান্ড থেকে ৩০০ টি ও বণিক সমিতির কার্যকরি পরিষদের সকল সদস্য ১০০০/ও সদস্য ৫০০ শত টাকা করে উত্তোলন করে বাকি ২৫০ টি কম্বল ক্রয় করে দুস্থ গরীব ও বাজারের পাহারাদার দের মধ্যে বিতরণ করা হয়।

জীবননগর ধোপাখালীতে শীতার্থ ও দুঃস্থদের মাঝে কম্বল বিতরন

জীবননগর উপজেলার ধোপাখালী গ্রামে শীতার্থ দুঃস্থ প্রবীনদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। আজ সকাল সাড়ে ১১টার দিকে জীবননগর উপজেলার ধোপাখালী প্রবীন কেন্দ্র থেকে দুঃস্থ প্রবীনদের মাঝে এসব কম্বল প্রদান করা হয়।

পল্লী সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), ওয়েভ ফাউন্ডেশন প্রবীন কমিটি ও উপজেলা প্রশাসনের সহযোগিতায় ১২৫ জনকে কম্বল (শীতবস্ত্র) দেওয়া হয়।

কম্বল বিতরণ অনুষ্ঠানে সভাপত্বিত করেন বীর মুক্তিযোদ্ধা ও প্রবীন কমিটির সভাপতি বদর উদ্দিন। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত জীবননগর উপজেলা প্রকল্প কর্মকতার্ মিজানুর রহমান, প্রবীন কমিটির (ভারপ্রাপ্ত) সাধারণ সম্পাদক মহিউদ্দিন, সহ-সভাপতি সাংগঠনিক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আশরাফ আলী ও সাংগঠনিক সম্পাদক শামসুল আলম।

অনুষ্ঠান পরিচালনা করেন প্রকল্প সমন্বয়কারী আওয়াল হোসেন। সার্বিক সহযোগিতায় ছিলেন, সহকারী মেডিক্যাল অফিসার সোহেল রানা ও প্রোগ্রাম অফিসার আসাদুজ্জামান লিটন।

দামুড়হুদা দলকা মৎস্য সমবায় সমিতির শান্তি সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের দলকা লক্ষিপুর মৎস্য সমবায় সমিতির শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ বিকাল ৪ টার দিকে দলকা বিল পাড়ে এই শান্তি সমাবেশ অনুষ্ঠিত হয়।

দলকা লক্ষ্মীপুর মৎস্য সমবায় সমিতির সভাপতি ওমর আলী’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন জুড়ানপুর ৪ নং ইউপি সদস্য ও প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন সহ সমিতির আগত সদস্য ও স্থানীয় গন্যমান্য ব্যক্তি বর্গ উপস্থিত ছিলেন।

মৎস্য সমবায় সমিতির সাধারণ সম্পাদক মুক্তার হোসেনের সঞ্চালনায় শান্তি সমাবেশে বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে একটি কুচক্রী মহল এই দলকা লক্ষীপুর বিল টি কুক্ষিগত করে রেখেছিল। কিন্তু সময় এসেছে চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী মো: আলী আজগার টগর এমপি’র মাধ্যমে সরকারের নীতিমালা অনুযায়ী জাল দরা যার বিল তার। সেই আলোকে আগামী কয়েক সপ্তাহের মধ্যেই এই দলকা লক্ষীপুর মৎস্য সমবায় সমিতির হাতে আবারো বিল আসবে বলে আমরা সকলে বিশ্বাস করি। নতুন করে আর কেউ এই বিল জোর করে ভোগ দখল করতে পারবে না। আমরা সবাই মিলে কিভাবে বিলটি চাষ করলে সবাই উপকৃত হব এবং দেশের উন্নয়ন হবে সে বিষয়ে সবাই মিলে মতামত দিয়ে সেই আলোকে আমরা কাজ করে যাবো।

বক্তারা আরো বলেন বিলটি যেন আর কেউ জবরদখল করে ভোগ দখল করতে না পারে এবং আমরা সমিতির সদস্যরা যেনো আবারো বিলটি ফিরে পাই সে বিষয়ে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গা ২ আসনের এমপির সুদৃষ্টি কামনা করেন।

দামুড়হুদায় ডিবি পুলিশের অভিযানে ফেনসিডিলসহ গ্রেফতার ১

দামুড়হুদায় ডিবি পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩৬ বোতল ফেন্সিডিল সহ একজনকে গ্রেফতার করেছে।

আজ মঙ্গলবার রাত ৯টার দিকে। গ্রেফতারকৃত আসামি হলো উপজেলার হাতিভাঙ্গা গ্রামের মৃত রতন আলীর ছেলে তহির উদ্দিন (৪৮)।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে মোঃ ফেরদৌস ওয়াহিদ, অফিসার ইনচার্জ, জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গার নেতৃত্বে এসআই সুমন্ত বিশ্বাস, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে দামুড়হুদা থানাধীন মোক্তারপুর গ্রামস্থ মোক্তারপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সামনে দামুড়হুদা টু কার্পাসডাঙ্গা গামী পাঁকা রাস্তার উপর হতে আসামী তহির উদ্দিনকে গ্রেফতার পূর্বক আসামীর হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ৩৬ বোতল ভারতীয় আমদানি নিষিদ্ধ ফেন্সিডিলসহ হাতে নাতে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।